



ফারহিনা আহমেদ  
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)  
ও  
কোর্স পরিচালক  
এ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স  
বিসিএস প্রশাসন একাডেমি  
শাহবাগ, ঢাকা-১০০০  
ফোন: ০২-৫৫১৬৫৯০৬ (অফিস)  
মোবাইল: ০১৮১৯১৫৩০০২  
ফ্যাক্স: ০২-৫৫১৬৫৯২২

উপানুষ্ঠানিক পত্র নং-০৫.০২.০০০০.০০৬.০০.০০২.১৭.৩১

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ  
১৭ মে ২০১৭ খ্রিস্টাব্দ

## প্রিয় সহকর্মী,

আপনি নিশ্চয় অবগত আছেন যে, আগামী ২৪ মে ২০১৭ হতে বিসিএস প্রশাসন একাডেমিতে ০৬ (ছয়) মাস মেয়াদি এ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স শুরু হতে যাচ্ছে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক উক্ত কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত হওয়ায় আপনাকে একাডেমির রেজিস্ট্রার মহোদয় ও কোর্স প্রশাসনের পক্ষ থেকে অভিনন্দন এবং একাডেমিতে স্বাগত জানাচ্ছি। আশা করছি ইতোমধ্যে আপনি অনলাইনে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করেছেন। আপনার রেজিস্ট্রেশন সম্পন্ন হয়ে থাকলে নিজ কর্মস্থল হতে অবমুক্ত হয়ে আগামী ২৩ মে ২০১৭ মঙ্গলবার বিকাল ৩.০০ টা থেকে ৫.০০ টার মধ্যে আপনাকে একাডেমির নতুন ভবনের নীচতলার লবিতে উপস্থিত হতে অনুরোধ করছি। দীর্ঘমেয়াদি এবং আবাসিক এ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আপনার কিছু প্রস্তুতি গ্রহণ আবশ্যিক। একাডেমির প্রশিক্ষণ সম্পর্কিত কিছু প্রয়োজনীয় বিষয় আপনাকে অবহিত করার উদ্দেশ্যে এ পত্রের সাথে এক প্রস্থ প্রাথমিক নির্দেশাবলী সংযুক্ত করছি।

০২। কোর্সটি আবাসিক এবং প্রশিক্ষণকালে একাডেমির ডরমিটরিতে অবস্থান বাধ্যতামূলক। কোর্সটি শ্রেণিকক্ষে অধিবেশন, মাঠ সংযুক্তি, সেমিনার, সম্প্রসারণ বক্তৃতা, পিটি এবং খেলাধুলাসহ সকাল হতে সন্ধ্যা পর্যন্ত নিবিড় কার্যক্রমে সমৃদ্ধ। প্রশিক্ষণের সকল অনুষ্ঠানে অংশগ্রহণ করা প্রশিক্ষণার্থীদের জন্য বাধ্যতামূলক। নৈতিকতা ও শৃঙ্খলার বিষয়ে একাডেমিতে বিশেষ গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে শৈথিল্য প্রদর্শন মোটেও কাম্য নয়। আপনাকে সে অনুযায়ী মানসিক প্রস্তুতি নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

০৩। নারী প্রশিক্ষণার্থীদের দুগ্ধপোষ্য শিশু থাকলে কোর্সে আসার আগেই তা কোর্স প্রশাসনকে অবহিত করতে হবে। আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, শরীরচর্চা ও খেলাধুলা কোর্সের নিয়মিত কার্যক্রম, মাঠ সংযুক্তি এবং শিক্ষা সফরসহ সকল কার্যক্রমে অংশগ্রহণ সকল প্রশিক্ষণার্থীর জন্য বাধ্যতামূলক। প্রয়োজ্য ক্ষেত্রে, শারীরিক সক্ষমতা কিংবা শিশুর তত্ত্বাবধানের বিষয়টি নিশ্চিত করেই আপনাকে প্রশিক্ষণে আসতে হবে। উল্লেখ্য, একাডেমিতে কোন ডে-কেয়ার সেন্টার নেই কিংবা শিশুর তত্ত্বাবধানের জন্য একাডেমিতে কোন আয়ার ব্যবস্থা নেই। কোর্সে যোগদানের পূর্বে কোর্স সমন্বয়কের সাথে যোগাযোগের মাধ্যমে আপনি এ বিষয়ে বিস্তারিত তথ্য পেতে পারেন।

০৪। একাডেমিতে আসার সময় আপনাকে ১০ (দশ) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং নিরাপত্তা জামানত হিসাবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা সাথে নিয়ে আসার জন্য অনুরোধ করছি। উল্লেখ্য, উক্ত জামানতের টাকা পরবর্তীতে শর্ত সাপেক্ষে ফেরৎ দেওয়া হবে। পেন ড্রাইভ, নিজস্ব বাদ্যযন্ত্র, প্রয়োজনীয় বই সাথে নিয়ে আসতে পারেন। তবে, প্রশিক্ষণকালীন ব্যবহারের জন্য একাডেমি থেকে ল্যাপটপ সরবরাহ করা হবে। এছাড়া, উদ্বোধনী অনুষ্ঠানে পরিধানের জন্য আনুষ্ঠানিক পোশাক (প্রাথমিক নির্দেশাবলী দেখুন) নিয়ে আসতে হবে। প্রশিক্ষণকালে শ্রেণিকক্ষে বিষয় উপস্থাপনা এবং পরীক্ষার মাধ্যম হবে ইংরেজি। আশা করি এ বিষয়ে যথাযথ মানসিক প্রস্তুতি নিয়ে আসবেন।


০৫। কোর্স সম্পর্কে প্রয়োজনীয় তথ্য জানা এবং কোর্সের শুরুতে e-learning-এ রেজিস্ট্রেশনের জন্য একাডেমির ওয়েবসাইট [www.elearning.bcsadminacademy.gov.bd](http://www.elearning.bcsadminacademy.gov.bd) দেখুন।

০৬। প্রশিক্ষণে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে এবং অন্য যে কোন প্রয়োজনে এ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কোর্স সমন্বয়ক জনাব মো: তরিকুল ইসলাম (মোবাইল ০১৭১৬৮৫৮৭২৮) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করছি। এ নম্বরে যোগাযোগে ব্যর্থ হলে কোর্স পরিচালকের নম্বরে যোগাযোগ করতে পারেন।

০৭। বাংলাদেশ সভিল সার্ভিসের একজন নবীন কর্মকর্তা হিসেবে একাডেমি এবং বাংলাদেশ সভিল সার্ভিসের ভাবমূর্তি সমৃদ্ধ করার ক্ষেত্রে আপনি উল্লেখযোগ্য অবদান রাখবেন- এ আমাদের একান্ত প্রত্যাশা। একাডেমিতে আপনার আগমন ও অবস্থান সুন্দর, আনন্দময় ও উপভোগ্য হয়ে উঠুক এবং আলোচ্য প্রশিক্ষণ আপনার ভবিষ্যৎ কর্মজীবনের শক্ত ভিত গড়তে সহায়ক হোক- এ প্রত্যাশা করছি। আগামী ২৩ মে ২০১৭ একাডেমিতে আপনাকে স্বাগত জানানোর অপেক্ষায় রইলাম।

সংযুক্তি: প্রাথমিক নির্দেশাবলি- চার ফর্দ

আন্তরিকভাবে আপনার

  
২৭/৫/২০১৭  
ফারহানা আহমেদ

জনাব/বেগম .....

.....